



বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়

মাদারীপুর

“গণ মানুষের ব্যাংক”

ফোন : ০২৪৭৮৮১০৪৭২

ফোন : ০২৪৭৮৮১০৯৮২

email: crmmadaripur@krishibank.org.bd

জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, মাদারীপুর এর  
২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ শহীদুল ইসলাম ভূঁইয়া, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক।  
তারিখ ও সময় : ২১-১২-২০২২ বিকাল ৪:৩০ ঘটিকা  
স্থান : মুখ্য আঞ্চলিক কার্যালয়, মাদারীপুর।  
উপস্থিতি : পরিশিষ্ট “ক”

০১। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ব্যক্তিগত, কর্মক্ষেত্র ও জাতীয় জীবনের বিভিন্ন পর্যায়ে শুদ্ধাচার চর্চার গুরুত্ব তুলে ধরার মাধ্যমে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, যে কোন প্রতিষ্ঠানের উন্নতির জন্য শুদ্ধাচার চর্চার বিকল্প নেই। দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনিষ্ঠা, সততা, সময়ানুবর্তিতা, আইনের প্রতি আনুগত্যতা তথা শুদ্ধাচারের যাবতীয় বিষয়ের সু-সমন্বয় প্রয়োজন। সুশাসন নিশ্চিতকরণে শুদ্ধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সভাপতি মহোদয় অভিমত ব্যক্ত করেন। তিনি আরো বলেন, পরিবার, সমাজ, কর্মক্ষেত্র, রাষ্ট্র তথা জীবনের প্রতিটি অংশ থেকে ব্যক্তি শুদ্ধাচারের শিক্ষা অর্জন করে তা বাস্তবজীবনে প্রয়োগের মাধ্যমে সামগ্রিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হয়। ব্যাংকিং খাতে নানামুখী দূর্নীতি পরিলক্ষিত হওয়ায় শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়ন সময়োপযোগী পদক্ষেপ। ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত নৈতিকতা ও কর্তব্যনিষ্ঠার দ্বারা প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে দূর্নীতিমুক্ত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানিয়ে তিনি সভার কার্যক্রম শুরু করেন।

০২। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অত্র কার্যালয়ের নির্বাহী প্রকৌশলী ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ রেজাউল করিম ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোকপাত করেন।

০৩। সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

- সকল হিসাবায়নের কাজ নির্ভুলভাবে সম্পাদনের বিষয়ে শাখাকে নির্দেশনা প্রদান ও তার বাস্তবায়ন করতে হবে।
- ঋণ আদায়-বিতরণসহ সকল ক্ষেত্রেই অঞ্চলাধীন প্রতিটি শাখার কর্মকর্তা ও কর্মচারীগণকে শুদ্ধাচারের বিষয়টি অবহিত করণ ও পরিপালন নিশ্চিতকরণসহ এবং ব্যাংকের সকল গনসচেতনতামূলক পোস্টার শাখায় টাঙ্গানো অত্যাাবশ্যিক। প্রতিটি শাখাকে নির্দেশনা সমূহ পত্রযোগে অবহিত করতে হবে।
- বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীগণের বিরুদ্ধে কোন অভিযোগ পাওয়া গেলে স্বচ্ছতা ও সততার সাথে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- স্বচ্ছতা, জবাবদিহিতা ও সততার চর্চার মাধ্যমে শুদ্ধাচারের প্রয়োগ বৃদ্ধির জন্য নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষের ও নিরীক্ষার নজরদারী অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই অধীনস্থ শাখাসমূহে পরিদর্শন ও নিরীক্ষা কার্যসম্পাদন করা জরুরী।
- শুদ্ধাচারের অন্যতম উপাদান অংশীজনের ও সেবা গ্রহীতাদের মতামত গ্রহণ। এ ক্ষেত্রে শাখা পর্যায়ে প্রকাশ্যে ঋণ বিতরণ, ফিল্ড ব্যাংকিং কর্মসূচি গ্রহণ করা হবে। শাখায় মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক মহোদয় আকস্মিক পরিদর্শন করিবেন।

(মোঃ শহীদুল ইসলাম ভূঁইয়া)

মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক

ও সভাপতি

সূত্র নং-মুআকা/মাদারী/প্রশা-২২(শুদ্ধাচার)/২০২২-২০২৩/৭৬৬(১৮)

তারিখ : ২১-১২-২০২২




সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ফরিদপুর।
- উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, মাদারীপুর মুখ্য অঞ্চল।
- নথি/মহানথি।

(মোঃ রেজাউল করিম)

পরিশিষ্ট “ক”

২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির ২য় সভায় উপস্থিত সদস্যদের তালিকা

ক্রঃ নং	নাম	পদবী	কমিটির পদবী	স্বাক্ষর
০১	জনাব মোঃ শহীদুল ইসলাম ভূঁইয়া	মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক	সভাপতি	
০২	” মোঃ রেজাউল করিম	সি.সি. প্রকৌশলী	ফোকাল পয়েন্ট কর্মকর্তা	
০৩	” মোহাম্মদ আলী	কর্মকর্তা	সদস্য	
০৪	” মোহাম্মদ নাহিদুল ইসলাম	পরিদর্শক	সদস্য	